প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mochta.gov.bd

**বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন স্কিমের বাস্তবায়ন অগ্রগতির মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১৬ মে ২০২৩ |
| সময় | : বেলা- ১১:০০ টা |
| সভার স্থান | : সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'

চলতি ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্প ও ৩টি উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন স্কিমসমূহের ৩০ এপ্রিল ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং, এম.পি., প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য উপস্থিত ছিলেন।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মাননীয় মন্ত্রীর স্বাগত বক্তব্যের পর মন্ত্রণালয়ের সম্মানিত সচিব সভার কার্যপত্র উপস্থাপনের জন্য যুগ্মসচিব (উন্নয়ন) কে আহ্বান জানান। সে পরিপ্রেক্ষিতে যুগ্মসচিব (উন্নয়ন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে বিস্তারিত আলোচনা হয়:

**৩। আলোচ্যসূচী (ক): গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:** সভায় ২৯ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচী (খ): ২৯ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত এবং তার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৫.১ | <u>তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে প্রস্তাব ৩১ মে ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এর ভাইস-চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, তিন পার্বত্য জেলায় ছোট আকারের ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে তিনটি স্থান নির্বাচন করা হয়েছে, যথা: খাগড়াছড়ি পৌরসভা, রাঙ্গামাটি নিউমার্কেট এবং বান্দরবান পুরাতন বাস টার্মিনাল ভবন।<br>মাননীয় মন্ত্রী তিন পার্বত্য জেলায় স্থান নির্বাচন সঠিক হয়েছে মর্মে অভিমত প্রকাশ করেন। তিনি আরও জানান যে, প্রাইভেট সেক্টরকে অনুপ্রাণিত করার লক্ষ্যে ছোট আকারে হলেও পার্বত্য এলাকায় কোল্ড স্টোরেজ নির্মাণ করা প্রয়োজন।<br>আগামী ৩১ মে ২০২৩ তারিখের মধ্যে কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। |
| ৫.২ | <u>এডিপিভুক্ত প্রকল্পের/স্কিমের পিসিআর দাখিল সংক্রান্ত :</u><br>৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর যত দ্রুত সম্ভব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। এছাড়া উন্নয়ন সহায়তা কোডের (২২১০০০৯০০) আওতায় জুন/২০২২-এ সমাপ্ত স্কিমের পিসিআর মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে জানান যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর অতি শীঘ্রই মন্ত্রণালয়ে দাখিল করা হবে।<br>এছাড়া, এ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন সহায়তা কোডের (২২১০০০৯০০) আওতায় বাস্তবায়িত জুন/২০২২-এ সমাপ্ত স্কিমসমূহের সমাপ্তি প্রতিবেদনের মধ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এর ৫১টি স্কিমের পিসিআর পাওয়া গিয়েছে। তিন পার্বত্য জেলা পরিষদের মধ্যে বান্দরবানের ৬১টি স্কিম, খাগড়াছড়ির ৪৯টি স্কিম এবং রাঙ্গামাটির ৮৩টি স্কিম জুন/২০২২-এ সমাপ্ত |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | হয়েছে এবং যার পিসিআর খুব শীঘ্রই পাঠানো হবে মর্মে জেলা পরিষদের নির্বাহী প্রকৌশলীগণ সভাকে অবহিত করেন। আগামী ১৫ জুন, ২০২৩ তারিখের মধ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে জুন/২০২২-এ সমাপ্ত স্কিমের পিসিআর দাখিল করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। |
| ৫.৩ | <u>ভিডিও ডকুমেন্টারি তৈরি:</u> গত ০৭/০২/২০২৩ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী সংশোধন করে সকল সংস্থা প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি আগামী ১৫ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করবে। পরবর্তীতে তিন পার্বত্য জেলা পরিষদ অন্যান্য বিভাগ ও সংস্থা কর্তৃক জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম নিয়ে একটি ভিডিও ডকুমেন্টারি তৈরি করবে। | সংস্থাসমূহের প্রতিনিধিগণ সভাকে জানান যে, ভিডিও ডকুমেন্টারি'র কার্যক্রম প্রায় শেষ পর্যায়। খুব শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মাননীয় মন্ত্রী বলেন, পার্বত্য অঞ্চলে এ মন্ত্রণালয় কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক যা যা কাজ হয়েছে তা প্রস্তুতপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীকে ভিডিও ডকুমেন্টারি আকারে দেখাতে হবে এবং সে পরিপ্রেক্ষিতে একটি সুন্দর ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ের অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম নিয়ে ভিডিও ডকুমেন্টারি তৈরি করে আগামী ৩০ মে ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সংস্থাসমূহগুলোকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। |
| ৫.৪ | <u>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্প সংক্রান্ত :</u> পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, সেচের ঘাটতি, চাষীদের প্রশিক্ষণের অভাবে পর্যাপ্ত জ্ঞান না থাকা, সংশ্লিষ্ট কর্মীগণ কৃষিবান্ধব না হওয়ার কারণে ৪০% গাছের চারা মারা গেছে। মাননীয় মন্ত্রী বলেন, মিশ্র ফল চাষের অনেক চাহিদা রয়েছে। ভাল মানের চারা নিতে হবে এবং অভিজ্ঞ লোকদের নিয়োগ দিতে হবে। পার্‌বত্য অঞ্চলের উন্নয়নে নারীদের গাভী বিতরণ, ইক্ষু চাষ, মসলা চাষ, কফি ও কাজুবাদাম ইত্যাদি প্রকল্প নিলে চাষীরা বেশী উপকৃত হবে বলে মাননীয় মন্ত্রী পরামর্শ প্রদান করেন। |
| ৫.৫ | **<u>বিবিধ :</u>** | |
| | ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ সমন্বয় করে প্রকল্প ও স্কিম গ্রহণ করবে। | (ক) সংস্থাসমূহের প্রতিনিধিগণ জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ সমন্বয় করে প্রকল্প ও স্কিম গ্রহণ করা হবে। |
| | (খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রকল্প/স্কিম পরিদর্শন প্রতিবেদনের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রকল্প/স্কিম পরিদর্শন শেষে লিখিত নির্দেশনা দেয়ার ও তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। |
| | (গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক অভিজ্ঞ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে তিন পার্বত্য জেলার জন্য মাস্টার প্ল্যান প্রণয়ন করত হবে। | (গ) মাননীয় মন্ত্রী বলেন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন জেলার সাথে আলোচনা করে মাস্টার প্ল্যান করা খুব দরকার। সেক্টরভিত্তিক (চিকিৎসা, স্বাস্থ্য, কৃষি ইত্যাদি) প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিন জেলার জন্য মাস্টার প্ল্যান অত্যন্ত জরুরি। সভাপতি মহোদয় সভার আলোচনার পরিপ্রেক্ষিতে অভিমত ব্যক্ত করেন যে, তিন জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভায় Need Analysis করে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এ প্রস্তাব প্রেরণ করতে পারেন যার পরিপ্রেক্ষিতে অভিজ্ঞ পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে মাস্টার প্ল্যান তৈরির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। |
| | (ঘ) সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | (ঘ) সকল সংস্থা হতে সভার সিদ্ধান্তের লিখিত বাস্তবায়ন অগ্রগতি এবং মাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। |
| | (ঙ) তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক বনায়ন সংক্রান্ত প্রকল্প/স্কিম গ্রহণ করতে হবে। | (ঙ) সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে বান্দরবান জেলা পরিষদ প্রতিনিধি জানান যে, উন্নয়ন সহায়তা কোডের (২২১০০০৯০০) আওতায় বনায়নের লক্ষ্যে পরিষদ কর্তৃক বনজ ও ফলদ গাছের চারার স্কিম গ্রহণ করা হয়েছে এবং বর্তমান অর্থ বছরে চারা বিতরণ করা হবে। |

**আলোচ্যসূচি (গ): ২০২২-২০২৩ অর্থ-বছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (২২১০০১১০০) ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (২২১০০১০০০) এর আওতায় গৃহীত কাযক্রমের ৩০ এপ্রিল ২০২৩ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা:**

যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের জন্য বরাদ্দ নির্ধারিত হয়েছে ৯৬০.২১ কোটি টাকা। উক্ত বরাদ্দের মধ্যে ১৬টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট সংশোধিত বরাদ্দ ৫০০.২১ কোটি টাকা (জিওবি-৪১৯.৮০ কোটি এবং প্রকল্প সাহায্য-৮০.৪১ কোটি), তিনটি উন্নয়ন সহায়তার অনুকূলে মোট বরাদ্দ ৪৬০.০০ কোটি টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরের ৩০ এপ্রিল, ২০২৩ মাস পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি ৪১.৪১% এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে এ অগ্রগতি ছিল ৪৫.০৫%। তিনি আরো জানান যে, মন্ত্রণালয়ের ১৬টি এডিপিভুক্ত প্রকল্প (৪টি 'এ' ক্যাটাগরি ও ১২টি 'বি' ক্যাটাগরি) ও ৩টি উন্নয়ন সহায়তা (বি ক্যাটাগরি) খাতের ১৯২০ টি স্কিম রয়েছে। বাস্তবিক পক্ষে অর্থ বিভাগ হতে প্রকল্প সমূহের ক্যাটাগরি ভাগ থাকায় অর্থ ছাড় ও ব্যয়ের ক্ষেত্রে ২৫% অর্থ কম ছাড় ও ব্যয় করা হয়েছে। তবে সংশোধিত এডিপির পর বরাদ্দ ১৫% সংরক্ষণ করা হয়েছে। তাই কিস্তি ছাড়ের নির্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং সমাপ্তযোগ্য প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি বেগবান করতে হবে। মাননীয় মন্ত্রী ও সভাপতি এ বিষয়ে সহমত প্রকাশ করেন। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) জানান যে, মার্চ ২০২৩ পর্যন্ত জাতীয় অগ্রগতি পরিকল্পনা কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে যা ৪১.৬৫% দেখানো হয়েছে। মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেন যে, কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে। সভায় প্রকল্পভিত্তিক অগ্রগতি পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয় এবং প্রকল্প পরিচালকগণ প্রকল্পের অগ্রগতি ও বর্তমান অবস্থা সভায় উপস্থাপন করেন।

৪। **বিবিধ:**

(ক) উন্নয়ন বাজেটের অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য মাননীয় মন্ত্রী অভিমত প্রকাশ করেন যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর মতো পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (২২১০০১১০০) ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (২২১০০১০০০) এর আওতায় গৃহীত স্কিমসমূহের অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তিনি আরও বলেন যে, আগামী অর্থবছরের স্কিমের তালিকা ৩১ মে ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং তালিকা প্রেরণের ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ(ডিএসপি) প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড সভাকে অবহিত করেন যে, "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান" প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাবে এবং প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি অনুমোদন হওয়ার পূর্ব পর্যন্ত ০৪টি বিদ্যালয়ের আগামী ০৬(ছয়) মাস খরচ বাবদ প্রায় আট কোটি টাকা প্রয়োজন হবে। মাননীয় মন্ত্রী জানান যে, প্রথমত এই প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুততম সময়ের মধ্যে অনুমোদন করার ব্যবস্থা করতে হবে, দ্বিতীয়ত প্রকল্প অনুমোদনের পূর্বে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক স্কিম গ্রহণের মাধ্যমে স্কুল পরিচালনা করতে হবে। এক্ষেত্রে, অন্যান্য সংস্থা থেকে বাজেট সমন্বয় করতে হবে। সভাপতি এ সংক্রান্ত স্কিম প্রস্তাব দ্রুত প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

(গ) মাননীয় মন্ত্রী অভিমত ব্যক্ত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী তিন পার্বত্য জেলায় যে সকল এলাকায় মেইন গ্রিডের বিদুৎ পৌছানো সম্ভব নয় সেসব এলাকায় বিনামূল্যে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করে দিয়েছেন। তাই কোন রকম অনিয়ম ছাড়া এই সোলার বিতরণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

(ঘ) মাননীয় মন্ত্রী 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র'-এর ডরমেটরি ভাড়া প্রদানের বিষয়ে সরকারের নিয়ম অনুযায়ী ভাড়া নির্ধারণ করা এবং প্রতিটি ভবনে বিদ্যুতের মিটার আলাদা স্থাপন করার নির্দেশনা প্রদান করেন।

(ঙ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব অভিমত ব্যক্ত করেন যে, সম্প্রতি পার্বত্য এলাকায় বিভিন্ন প্রকলপ/স্কিম পরিদর্শনকালে সমন্বয়হীনতার অভাব পরিলক্ষিত হয়েছে। মন্ত্রণালয় হতে প্রকল্প/স্কিম পরিদর্শনে গেলে সংস্থাসমূহকে পূর্ণ সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানান।

০৫। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৫.১ | <u>তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব ৩১ মে ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| ৫.২ | <u>এডিপিভুক্ত প্রকল্পের/স্কিমের পিসিআর দাখিল সংক্রান্ত :</u><br>৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর যত দ্রুত সম্ভব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। এছাড়া উন্নয়ন সহায়তা কোডের (২২১০০০৯০০) বান্দরবানের ৬১টি স্কিম, খাগড়াছড়ির ৪৯টি স্কিম এবং রাঙ্গামাটির ৮৩টি স্কিম জুন/২০২২ এ সমাপ্ত হয়েছে বিধায় উক্ত স্কিমসমূহের পিসিআর আগামী ১৫ জুন ২০২৩ তারিখের মধ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি) |
| ৫.৩ | <u>ভিডিও ডকুমেন্টারি তৈরি:</u> | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | পার্বত্য অঞ্চলে বিগত বছরসমূহে এ মন্ত্রণালয় কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক যা যা কাজ হয়েছে তা প্রস্তুতপূর্বক আগামী ৩০ মে ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি/ সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) |
| ৫.৪ | **বিবিধ :**<br>(ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর মতো পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (২২১০০১১০০) ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (২২১০০১০০০) এর আওতায় গৃহীতব্য স্কিমসমূহের অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং আগামী অর্থ বছরের গৃহীতব্য স্কিমের তালিকা ৩১ মে ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং তালিকা প্রেরণের ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ (ডিএসপি) প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |
| | (খ) "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান" প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুততম সময়ের মধ্যে অনুমোদন করার ব্যবস্থা করতে হবে এবং প্রকল্প অনুমোদনের পূর্বে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক স্কিম গ্রহণের মাধ্যমে স্কুল পরিচালনা করতে হবে। এক্ষেত্রে, অন্যান্য সংস্থা থেকে বাজেট সমন্বয় করতে হবে। | (খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| | (গ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তিন পার্বত্য জেলায় সম্পূর্ণ বিনামূল্যে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে তা নির্দিষ্ট সময়ে যথাযথভাবে বিতরণ করতে হবে। | (গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| | (ঘ) 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র'-এর ডরমেটরির ভাড়া সরকারের নিয়ম অনুযায়ী নির্ধারণ এবং প্রতিটি ভবনে বিদ্যুতের মিটার আলাদা স্থাপন করার ব্যবস্থা করতে হবে। | ঘ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| | (ঙ) পার্বত্য এলাকায় বিভিন্ন প্রকল্প/স্কিম পরিদর্শনকালে প্রতিনিধিবৃন্দকে সংস্থাসমূহ কর্তৃক পূর্ণ সহযোগিতা প্রদান করতে হবে। | ঙ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪/৫/২০২৩ খ্রিঃ
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব

নম্বর- ২৯.০০.০০০০.২২৫.০৬.০০৭.২৩-৮৩

তারিখ ঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০
২৯ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃঃআঃ পরিচালক-১২)
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট-১৮)
৪. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
৫. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৬. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৭. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
৮. সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৯. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
১০. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান
১২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও জাতীয় প্রকল্প পরিচালক, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৩. ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১৪. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি /খাগড়াছড়ি/বান্দরবান
১৭. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ(বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্প ও যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
১৮. প্রকল্প পরিচালক, 'খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি
১৯. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২০. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (১ম সংশোধিত) ' শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২১. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২২. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২৩. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপসচিব (প্রশাসন-১/পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. প্রকল্প পরিচালক, 'Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
২৭. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. নির্বাহী প্রকৌশলী, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
২৯. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩০. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলার পল্লী অবকাঠামো নির্মান' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান
৩১. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্প পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান
৩২. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাই খালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান
৩৩. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান
৩৪. প্রকল্প পরিচালক 'খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি
৩৫. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি
৩৬. প্রকল্প পরিচালক, 'রাংগামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি
৩৭. ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস" শীর্ষক প্রকল্প, আইডিবি ভবন আগারগাঁও, ঢাকা-১২০৭
৩৮. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭/০৫/২০২৪

(আশীষ কুমার সাহা)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৭১১৮
ই-মেইল : dsdev@mochta.gov.bd